# হজ উমরা ও যিয়ারত

বিভাগ/অধ্যায়ঃ পঞ্চম অধ্যায় : উমরা

রচয়িতা/সঙ্কলকঃ ইসলামহাউজ.কম

মক্কায় প্রবেশের সময় হাজীগণ যেসব ভুল করেন

- এ সময় অনেক হাজী সাহেব অপরের সমালোচনা ও দোষ চর্চা করেন, এমন পবিত্র স্থানে যা একেবারেই পরিত্যাজ্য।
- অনেক হাজী সাহেব মক্কায় প্রবেশের পূর্বে তালবিয়া পাঠ করতে ভুলে যান। অথচ তখনি বেশি বেশি করে তালবিয়া পাঠ করার সময়।
- অনেক হাজী সাহেব একসাথে সমস্বরে তালবিয়া পাঠ করতে থাকেন। এটি সুন্নত পরিপন্থী কাজ। কারণ রাসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম ও সাহাবায়ে কিরাম ভিন্ন ভিন্নভাবে তালবিয়া পাঠ করেছেন।
- অনেক হাজী সাহেব মক্কায় প্রবেশের জন্য নির্দিষ্ট দো'আ পড়ে থাকেন। মক্কা প্রবেশের জন্য নির্দিষ্ট দো'আ নেই।

Source — https://www.hadithbd.com/books/link/?id=7381

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন